DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 05:13 AM

খেলা

# চ্যাম্পিয়নস লিগে বড় দুই পরিবর্তন উয়েফার

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ০৫ আগস্ট ২০২৬, ০৭:১৮ PM




ছবি সংগৃহীত

নতুন মৌসুম শুরুর আগে চ্যাম্পিয়নস লিগের দুটি গুরুত্বপূর্ণ নিয়মে পরিবর্তন এনেছে উয়েফা। হলুদ কার্ডের কারণে নিষেধাজ্ঞার বিধি শিথিল করার পাশাপাশি স্টেডিয়ামের বড় পর্দায় ম্যাচের সময় প্রদর্শনের নিয়মেও পরিবর্তন আনা হয়েছে। একই নিয়ম কার্যকর হবে উয়েফা ইউরোপা লিগ ও কনফারেন্স লিগেও।

২০২৬-২৭ মৌসুমের বাছাইপর্ব ইতোমধ্যে শুরু হয়েছে। আগস্টের শেষ দিকে অনুষ্ঠিত হবে লিগ পর্বের ড্র। মূল প্রতিযোগিতা শুরুর আগে নতুন নিয়মগুলোর ঘোষণা দিয়েছে ইউরোপীয় ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা উয়েফা।

হলুদ কার্ডে নিষেধাজ্ঞার নিয়মে পরিবর্তন

নতুন নিয়ম অনুযায়ী, কোনো খেলোয়াড় বা কোচিং স্টাফ এখন আর তিনটি হলুদ কার্ড দেখেই এক ম্যাচের জন্য নিষিদ্ধ হবেন না। প্রথম নিষেধাজ্ঞা পেতে এখন চারটি হলুদ কার্ড দেখতে হবে।

এরপরও আগের মতো প্রতি দুটি অতিরিক্ত হলুদ কার্ডের পর এক ম্যাচের নিষেধাজ্ঞা কার্যকর হবে। অর্থাৎ, ষষ্ঠ, অষ্টম, দশম—এভাবে প্রতি দুইটি অতিরিক্ত হলুদ কার্ডের পর এক ম্যাচ করে নিষিদ্ধ থাকতে হবে।

উয়েফা জানিয়েছে, গত মৌসুম থেকে চ্যাম্পিয়নস লিগের লিগ পর্বে প্রতিটি দলের ম্যাচ সংখ্যা ৬ থেকে বেড়ে ৮ হওয়ায় খেলোয়াড়দের নিষেধাজ্ঞার ঝুঁকি বেড়েছিল। সেই বিষয়টি বিবেচনায় নিয়েই এই পরিবর্তন আনা হয়েছে।

বদলে যাচ্ছে স্টেডিয়ামের ম্যাচঘড়ি

আরেকটি গুরুত্বপূর্ণ পরিবর্তন এসেছে স্টেডিয়ামের বড় পর্দায় ম্যাচের সময় প্রদর্শনের ক্ষেত্রে।

এতদিন প্রতিটি অর্ধের নির্ধারিত ৪৫ ও ৯০ মিনিট শেষ হলে স্টেডিয়ামের ম্যাচঘড়ি থেমে যেত। ফলে যোগ করা সময়ের কত মিনিট চলছে, তা দর্শকরা সরাসরি দেখতে পারতেন না।

নতুন নিয়ম অনুযায়ী, নির্ধারিত সময় শেষ হওয়ার পরও ম্যাচঘড়ি চলতে থাকবে। রেফারি অর্ধ বা ম্যাচের সমাপ্তি ঘোষণা না দেওয়া পর্যন্ত সময় প্রদর্শিত হবে। অতিরিক্ত সময় (এক্সট্রা টাইম) খেললেও একই নিয়ম অনুসরণ করা হবে।

তিন প্রতিযোগিতাতেই কার্যকর

উয়েফা জানিয়েছে, নতুন দুটি নিয়মই ২০২৬-২৭ মৌসুম থেকে চ্যাম্পিয়নস লিগ, ইউরোপা লিগ এবং কনফারেন্স লিগ—এই তিনটি ক্লাব প্রতিযোগিতায় কার্যকর হবে।

বিশ্লেষকদের মতে, নতুন নিয়মের ফলে খেলোয়াড়দের অপ্রয়োজনীয় নিষেধাজ্ঞার ঝুঁকি কমবে এবং স্টেডিয়ামে উপস্থিত দর্শকরাও ম্যাচের যোগ করা সময় সম্পর্কে আরও পরিষ্কার ধারণা পাবেন। পাশাপাশি উয়েফার প্রতিযোগিতাগুলোর নিয়ম ইংল্যান্ডের প্রিমিয়ার লিগ ও ইংলিশ ফুটবল লিগের সঙ্গে আরও সামঞ্জস্যপূর্ণ হবে। সূত্র: দ্য সান

---

এ বিভাগের আরও খবর



### ডারউইন টেস্টে ইতিহাস গড়তে বাংলাদেশের দরকার ৫৭ রান

অস্ট্রেলিয়ার মাটিতে ইতিহাস গড়ার হাতছানি বাংলাদেশের সামনে। ডারউইন টেস্টে স্বাগতিক অস্ট্রেলিয়াকে দ্বিতীয় ইনিংসে ২৮৪ রানে অলআউট করে জয়ের জন্য ৫...




### তৃতীয় দিনের প্রথম সেশন শেষে বাংলাদেশের লিড ২১৯

মেহেদী হাসান মিরাজের ছক্কায় তৃতীয় দিনের প্রথম সেশন শেষ করল বাংলাদেশ। লাঞ্চের আগে অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশের লিড দাঁড়িয়েছে ২১৯ রানের। ১৩...



### মিরাজের ফিফটিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে ৪০০ পেরোল বাংলাদেশ

ডারউইনের মারারা স্টেডিয়ামে অস্ট্রেলিয়ার বিপক্ষে দারুণ নিয়ন্ত্রণে রয়েছে বাংলাদেশ। দলীয় সংগ্রহ ৪০০ রান পেরিয়েছে। একই সঙ্গে লিডও ছাড়িয়েছে ২০০ র...



### অস্ট্রেলিয়ার মাটিতে তানজিদের ইতিহাসগড়া সেঞ্চুরি

অবশেষে সঙ্গী পেলেন শাহরিয়ার নাফিস। শেষ হলো তাঁর ২০ বছরের অপেক্ষা। একই সঙ্গে অপেক্ষার অবসান হলো বাংলাদেশেরও।অস্ট্রেলিয়ার বিপক্ষে সেঞ্চুরি করা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/sports/chjampiyns-lige-br-dui-pribrtn-uyefar